

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) সামাজিক বিজ্ঞান অনুষদের উদ্যোগে প্রথমবারের মতো দুই দিনব্যাপী আন্তর্জাতিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী শুক্রবার এ সম্মেলন শুরু হবে, চলবে শনিবার পর্যন্ত। গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রেসক্লাব কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য নিশ্চিত করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও গবেষণা সম্মেলনের আহ্বায়ক অধ্যাপক দিলারা রহমান। তিনি বলেন, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশের অর্জন, প্রত্যাশা ও চ্যালেঞ্জ নিয়ে প্রথমবারের মতো দুই দিনব্যাপী আন্তর্জাতিক গবেষণা সম্মেলনের আয়োজন করতে যাচ্ছে সামাজিক বিজ্ঞান অনুষদ। আগামী শুক্রবার (১৬ সেপ্টেম্বর) ও শনিবার (১৭ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে যুক্তরাষ্ট্র, ডেনমার্ক, চীন, শ্রীলংকা, ভারতসহ ৮টি দেশের গবেষকরা অংশ নেবেন। তারা অনলাইন ও অফলাইনে শতাধিক গবেষণাপত্র উপস্থাপন করবেন। দিলারা রহমান বলেন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে সামাজিক বিজ্ঞান অনুষদ প্রথমবারের মতো এ ধরনের আন্তর্জাতিক গবেষণা সম্মেলনের আয়োজন করতে যাচ্ছে। শুক্রবার সকালে সম্মেলনের উদ্বোধন করা হবে। সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরকল্পনামন্ত্রী এম এ মান্নান (এমপি)। এতে অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

advertisement 3